

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯০৬

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - সফরের নিয়ম-শৃঙ্খলা

بَابُ أَدَابِ السَّفَرِ

আরবী

وَعَنْ كَعْبِ بْنِ مَالِكٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَقْدُمُ مِنْ سَفَرٍ إِلَّا نَهَارًا فِي
الضُّحَى فَإِذَا قَدِمَ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ رَكْعَتَيْنِ ثُمَّ جَلَسَ فِيهِ لِلنَّاسِ

বাংলা

৩৯০৬-[১৫] কাব' ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফর হতে দিনের পূর্বাহ্নেই ফিরে আসতেন। আর যখনই আসতেন, তখন সর্বপ্রথম মসজিদে প্রবেশ করে দু' রাক'আত নফল সালাত আদায় করতেন। অতঃপর সাক্ষাৎপ্রার্থী লোকেদের জন্য কিছু সময় অবস্থান করতেন। (বুখারী, মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ৩০৮৮, মুসলিম ৭১৬, আবু দাউদ ২৭৮১, আহমাদ ১৫৭৭৫, দারিমী ১৫৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِذَا قَدِمَ بَدَأَ بِالْمَسْجِدِ فَصَلَّى فِيهِ رَكْعَتَيْنِ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফর থেকে ফিরে এসে প্রথমে মসজিদে প্রবেশ করতেন এবং দুই রাক'আত সালাত আদায় করতেন। অর্থাৎ তিনি প্রথমে বাড়ীতে প্রবেশ না করে মসজিদে প্রবেশ করতেন, অতঃপর তাহিয়াতুল মসজিদ দুই রাক'আত সালাত আদায় করার পর বসতেন।

(جَلَسَ فِيهِ لِلنَّاسِ) অতঃপর তাতেই লোকেদের জন্য বসতেন, অর্থাৎ লোকেদের সাথে কথা বলার জন্য এবং তাদের প্রশ্নের উত্তর দেয়ার জন্য মসজিদেই বসতেন। (মিরকাতুল মাফাতীহ; 'আওনুল মা'বুদ ৫ম খন্দ, হাঃ ২৭৭৮)

ହାଦିସେର ମାନ: ସହିହ (Sahih) ପୁଣ୍ୟନିରୀକ୍ଷିତ

ପାବଲିଶାରଙ୍ଗ ହାଦିସ ଏକାଡେମି □ ବର୍ଣନାକାରୀଙ୍କ କାବ ଇବନ୍ ମାଲିକ (ରାଙ୍ଗ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69233>

₹ ହାଦିସବିଭିନ୍ନ ପ୍ରଜେଷ୍ଠେ ଅନୁଦାନ ଦିନ